# নবীজির জীবনপঞ্জি

ঈসায়ী সন, হস্তীবর্ষ, নবুওয়াতের সন, হিজরি সন ও নবীজির বয়স অনুযায়ী সীরাতের ঘটনাবলির ক্রমবিবরণ

Prepared by Itqaan Institute

# নবীজির জীবনপঞ্জি

সমস্ত প্রশংসা আল্লাহর, দরূদ ও সালাম বর্ষিত হোক নবীজি সা: এর উপর। Itqaan Institute এর সীরাহ এক্সটেন্সিভ এবং সীরাহ ইন্টেন্সিভ কোর্স দুটির অংশগ্রহণকারীদের জন্য সমগ্র নবীজীবনীকে একটি চার্ট আকারে নিয়ে আসার প্রয়াস থেকে এই টাইমলাইনের সূত্রপাত। তবে এর কার্যকারিতা বিবেচনায় এবং সম্ভাব্য উপকারিতার কথা ভেবে আমরা এটিকে উন্মুক্ত করে দেওয়ার সিদ্ধান্ত নিই। নবীজীবনের এই টাইমলাইনটি থেকে উপকৃত হওয়ার জন্য আমাদের কয়েকটি বিষয় মাথায় রাখতে হবে-

- সীরাতে অসংখ্য ঘটনা এমন রয়েছে যেগুলোর নির্দিষ্ট দিন-ক্ষণ নিয়ে সীরাত বিশেষজ্ঞগণ মতভেদ করেছেন। প্রাচীন যুগ থেকেই প্রখ্যাত সীরাত সংকলকগণ নিজ নিজ বইতে নিজেদের তাহকীককৃত মতামত উল্লেখ করেছেন। এজন্য এই ধরণের মতভেদপূর্ণ দিন-ক্ষণ সংক্রান্ত ঘটনাগুলির ব্যাপারে সর্বসম্মত মতে আসা সম্ভব নয়। আমাদের সাধ্যমত যেই মতামতটি অধিকতর গ্রহণযোগ্য মনে হয়েছে সেটিই এখানে উল্লেখ করার চেষ্টা করেছি আমরা। তাই, দিন-ক্ষণ নিয়ে মতভেদপূর্ণ ঘটনাগুলিতে আমাদের উল্লেখিত দিন-ক্ষণের সাথে সীরাতের কিতাবাদিতে উল্লেখিত দিন-ক্ষণের অমিল পাওয়া অস্বাভাবিক নয়।

- দ্বীনের কিছু কিছু বিধান নাযিলের হিজরি সন নিয়ে মতভেদ রয়েছে। উপরে উল্লেখিত কথা এই ক্ষেত্রেও প্রযোজ্য।

- উল্লেখযোগ্য গাযওয়াগুলি বক্সের ভেতর উল্লেখ করা হয়েছে। এতে নবীজির প্রধান সামরিক অভিযানগুলি এক নজরে চোখ বুলিয়ে নেওয়া সম্ভব হবে।

সর্বোপরি, এই টাইমলাইনের ব্যাপারে যেকোনো ধরনের সংশোধনী বা পরামর্শ থাকলে নিঃসংকোচে জানাতে পারেন এই ইমেইল এড্রেসে- itqaaninstitute2020@gmail.com

**বিশেষ দ্রষ্টব্য:** সীরাতের এই টাইমলাইনটি Itqaan Institute কর্তৃক প্রস্তুতকৃত। Itqaan Institute এর নাম উল্লেখ ব্যতীত এটির সফটকপি কিংবা হার্ডকপি বিতরণ করা অথবা আর্থিক বিনিময় নিয়ে এর সম্পূর্ণ অথবা কোনো অংশ অনলাইনে বা অফলাইনে বিতরণ করা পুরোপুরি নিষিদ্ধ। তবে Itqaan Institute এর নাম উল্লেখ করে এবং যেকোনো ধরণের আর্থিক বিনিময় ছাড়া কেবলমাত্র সাওয়াবের নিয়তে এটির সফটকপি বা হার্ডকপি বিতরণ করা যাবে ইনশাআল্লাহ।

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| নবুওয়্যাত পূর্ব জীবন | | | | | | |
| ৫৭০ | ১ | | | - | নবীজির পিতার ইন্তেকাল, আসহাবে ফিল বা হস্তিবাহিনীর বছর | • আব্দুল মুত্তালিবের দশ সন্তানের যেকোনো একজনকে কুরবানি করার মান্নত। আবদুল্লাহর নাম উত্তোলন। একশ উট কুরবানের মাধ্যমে আবদুল্লাহর প্রাণমুক্তি।<br>• কুরাইশ বংশের সর্বশ্রেষ্ঠ বংশ ও মর্যাদার অধিকারী নারী আমিনার সাথে আব্দুল্লাহর বিবাহ।<br>• খেজুর আনার জন্যে মদিনায় গমনের পরই আবদুল্লাহর অসুস্থ হয়ে পড়া এবং সেখানেই মৃত্যু।<br>• সান'আতে গির্জা নির্মাণ নিয়ে দ্বন্দ্ব।<br>• কাবা শরীফ ধ্বংসের উদ্দেশ্যে ষাট হাজার সৈন্য ও বাহন হিসেবে নয়/তেরটি হাতি নিয়ে আবরাহার গমন।<br>• মুহাস্‌সার উপত্যকায় পৌঁছানোর পর হাতিদের পথিমধ্যে বসে যাওয়া।<br>• ঝাঁকে ঝাঁকে আবাবীল পাখিদের কঙ্কর নিক্ষেপ। |
| ৫৭১-৫৭২ | ২ | | | ১-২ | নবীজির জন্ম ও দুধমা হালিমার অধীনে চলে যাওয়া | • রবিউল আওয়াল মাসের আট/নয় তারিখ সোমবার ভোরে জন্ম।<br>• নবীজির মায়ের দেয়া বর্ণনানুসারে, তাঁকে প্রসব করার সময় পেট থেকে আলোক ছটার বিচ্ছুরণ।<br>• আবদুল মুত্তালিব কর্তৃক দৌহিত্রের 'মুহাম্মাদ' নামকরণ।<br>• জন্মের সপ্তম দিনে খতনা।<br>• জন্মের পর মা আমিনা ও আবু লাহাবের দাসী সুওয়াইবার দুধ পান।<br>• ৪ মাস বয়সে বনু সা'দ গোত্রের হালিমা নামক এক নারীর কাছে শিশু মুহাম্মাদকে দুধপান ও লালনপালনের যিম্মাদারি দান। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | | | | | • শিশু মুহাম্মাদের কাছ থেকে অভূতপূর্ব সব বরকত প্রকাশিত হওয়া অবলোকন। |
| ৫৭৩ | ৩ | | | ৩ | আমিনার অনুমতিক্রমে পুনরায় হালিমার কাছে প্রত্যাবর্তন | • দুই বছর পূর্ণ হওয়ার পর দুধ ছাড়ানো ও শিশু মুহাম্মাদের অসাধারণ শারীরিক প্রবৃদ্ধির বিকাশ।<br>• তাঁর বরকত দেখে বড় হওয়া পর্যন্ত তাঁকে হালিমার নিজের কাছে রাখার ইচ্ছাপ্রকাশ ও আমিনার অনুমতি দান।<br>• এই বছর মক্কায় মহামারী। |
| ৫৭৪ | ৪ | | | ৪ | প্রথমবার বক্ষ বিদারণ | • বনু সাদে ফিরে আসার একমাস পর প্রথমবারের মতো শিশু মুহাম্মাদের বক্ষ বিদারণ।<br>• মুহাম্মাদ অন্যান্য বালকদের সাথে খেলারত অবস্থায় জিবরাঈল ﷺ এর আগমন ও বক্ষ বিদারণ সম্পন্নকরণ।<br>• কলব থেকে শয়তানের অংশ হিসেবে রক্তপিণ্ডকে পৃথকীকরণ ও স্বর্ণের পাত্রে যমযমের পানিতে তাঁর কলব ধৌতকরণ।<br>• এই ঘটনায় ভীত হয়ে হালিমা স্বামীর পরামর্শে শিশু মুহাম্মাদকে মা আমিনার কাছে ফিরিয়ে দেয়া। |
| ৫৭৬ | ৬ | | | ৬ | মায়ের স্নেহকোলে ফিরে এলেন, মায়ের ইন্তেকাল, দাদা আব্দুল মুত্তালিবের স্নেহছায়ায় | • ছয় বছর পর্যন্ত মায়ের কাছেই লালিতপালিত হওয়া।<br>• ইয়াসরিবে স্বামীর কবর যিয়ারতের জন্যে গমন এবং একমাস অবস্থানের পর মক্কায় ফেরার পথে অসুস্থ হয়ে পড়া।<br>• মক্কা ও মদিনার মাঝামাঝি স্থান আবওয়াতে মুহাম্মাদের মায়ের মৃত্যুবরণ।<br>• মায়ের ইন্তেকালের পর উম্মে আয়মানের সাথে মক্কায় ফেরত।<br>• ইয়াতিম নাতির প্রতি দাদা আব্দুল মুত্তালিবের অসীম স্নেহ-মমতা। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| ৫৭৮ | ৮ | | | ৮ | দাদার ইন্তেকাল, চাচা আবু তালিবের কাছে প্রতিপালন | • শিশু মুহাম্মাদের বয়স আট বছর দুই মাস দশ দিন হওয়ার পর পিতামহের মৃত্যু।<br>• মৃত্যুর পূর্বে নাতির যিম্মাদারি চাচা আবু তালিবের নিকট অর্পণ। |
| ৫৮০ | ১০ | | | ১০ | দ্বিতীয়বার বক্ষ বিদারণ | • দশ বছর বয়সে দ্বিতীয়বারের মতো তাঁর বক্ষ বিদারণ করা হয়।<br>• এই দফায় বক্ষ বিদারণের উদ্দেশ্য ছিল শৈশবের অর্থহীন খেলাধুলা ও বিনোদন থেকে তাঁকে পবিত্র রাখা। |
| ৫৮২ | ১২ | | | ১২ | চাচা সাথে সিরিয়া গমন, বাহিরা (অথবা বুহাইরা) পাদ্রির সাথে দেখা | • চাচার সাথে ব্যবসার উদ্দেশ্যে সিরিয়ায় গমন।<br>• বসরায় পৌঁছানোর পর জারজীস নামক পাদ্রীর ছুটে আসা, যিনি বাহীরা নামে পরিচিত।<br>• বালক মুহাম্মাদের হাত ধরে তাঁকে গোটা বিশ্বের সরদার ও বিশ্বপ্রতিপালক আল্লাহর রাসূল বলে অভিহিত করা।<br>• কারণ হিসেবে বৃক্ষ-লতা, পাথরের সেজদার ঘটনা উল্লেখ।<br>• মুহাম্মাদের দুই কাঁধের মাঝে আপেলের মতো মোহরে নবুওয়্যাত চিহ্নিতকরণ।<br>• রোমান ও খ্রিষ্টানেরা মুহাম্মাদের ক্ষতি করতে পারে এই আশঙ্কায় মুহাম্মাদকে মক্কায় ফিরে যাওয়ার পরামর্শ। |
| ৫৯০ | ২০ | | | ২০ | ফিজার/ফুজ্জার যুদ্ধ<br><br>(কোনো কোনো বর্ণনায় দুটি ফিজার যুদ্ধের কথা এসেছে। | • ফিজার অর্থ লঙ্ঘন করা।<br>• হারাম মাসের সম্মান, ইজ্জত লঙ্ঘিত হওয়ার কারণে ‘হারবুল ফিজার’ নামকরণ। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | | | | প্রথমটি নবীজির ১০ বছর বয়সে এবং দ্বিতীয়টি ১৪/১৫/২০ বছর বয়সে সংঘটিত হয়)।<br><br>হিলফুল ফুদ্বুল<br><br>(কোনো কোনো বর্ণনায় নবীজির ১৬ বছর বয়সে অর্থাৎ ৫৮৬ খৃষ্টাব্দে হিলফুল ফুদ্বুল সংঘটিত হওয়ার কথা এসেছে) | • কুরাইশদের সাথে ছিল বনু কিনানা ও বিপক্ষে কায়স আয়লান। এদের মাঝে সংঘটিত হয় রক্তক্ষয়ী যুদ্ধ।<br>• যুদ্ধের কারণ, বনু কিনানার বারকাজ নামক ব্যক্তি কায়স আয়লানের তিন ব্যক্তিকে হত্যা করে।<br>• দিনের শুরুতে বনু কায়েসের পাল্লা ভারী, দিনের মধ্যভাগে এসে বনু কেনানার পাল্লা ভারী হওয়া শুরু।<br>• কুরাইশদের পক্ষ থেকে সন্ধির আহ্বান।<br>• সন্ধির শর্ত হিসেবে নিহতের সংখ্যা হিসেব করে অতিরিক্ত সংখ্যা দিয়ত নেয়া নির্ধারণ।<br>• শত্রুর লক্ষ্যভ্রষ্ট তীর কুড়িয়ে দেওয়ার মাধ্যমে যুবক মুহাম্মাদের যুদ্ধে অংশগ্রহণ।<br>• কুরাইশের কয়েক গোত্র মিলে যুল ক্বা'দাহ মাসে হিলফুল ফুদ্বুল গঠনের প্রস্তাব উত্থাপন।<br>• বয়োবৃদ্ধ ও সম্ভ্রান্ত সর্দার আবদুল্লাহ বিন জুদআন তাইমীর ঘরে হিলফুল ফুদ্বুল সম্পাদন।<br>• মক্কার সকল মযলুমের সাহায্য ও যুলুমের প্রতিবাদের অঙ্গীকার গ্রহণ।<br>• হিলফুল ফুদ্বুল সম্পাদনকালে যুবক মুহাম্মাদের উপস্থিতি। |
| ৫৯৫ | ২৫ | | | ২৫ | খাদিজা ؓ এর ব্যবসায়ী কাফেলার দায়িত্ব গ্রহণ, ১ম বিবাহ বন্ধনে আবদ্ধ: খাদিজা ؓ এর সাথে বিবাহ | • খাদিজা ؓ এর সম্পদ নিয়ে বাণিজ্যের উদ্দেশ্যে সিরিয়ার পথে যাত্রা।<br>• মুহাম্মাদের সততা, আমানতদারি আর উত্তম চরিত্র সম্পর্কে অবগত হওয়ার পর তাঁকে খাদিজার স্বীয় মাল নিয়ে সিরিয়ার যাত্রার প্রস্তাব। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • খাদিজার গোলাম মাইসারার সাথে পণ্য নিয়ে সিরিয়ায় যাত্রা।<br>• বাণিজ্যের কাজ শেষে মক্কায় ফেরার পর মুহাম্মাদের মাঝে আমানত ও বরকতের গুণ প্রত্যক্ষ করে খাদিজার মুগ্ধ হওয়া।<br>• গোলাম মাইসারার কাছ থেকে মুহাম্মাদের বিশেষ বৈশিষ্ট্যাবলি সম্পর্কে অবগত হওয়া।<br>• খাদিজার সুহৃদ নাফীজা বিনতে মুনাব্বিহের কাছে খাদিজার মনের কথা প্রকাশ।<br>• নাফিজার মাধ্যমে মুহাম্মাদের কাছে বিয়ের প্রস্তাব প্রেরণ।<br>• আবু তালিবের তত্ত্বাবধানে বিবাহ সম্পন্ন।<br>• সিরিয়া থেকে ফেরার দু'মাস পর বিবাহ সম্পন্ন, বিবাহের মোহরানা হিসেবে বিশটি উট ধার্য।<br>• হযরত ইব্রাহিম ﵁ ছাড়া রাসূল ﷺ এর সকল সন্তান ছিলেন খাদিজার গর্ভের। |
| ৫৯৯ | ২৯ | | | ২৯ | ১ম সন্তানের জন্ম | • খাদিজা ﵂ এর গর্ভে নবীজির প্রথম সন্তান কাসিম জন্মগ্রহণ করেন। |
| ৬০০ | ৩০ | | | ৩০ | ২য় সন্তানের জন্ম ও ১ম সন্তানের ইন্তিকাল, 'আল আমিন' উপাধি লাভ | • খাদিজা ﵂ এর গর্ভে নবীজির দ্বিতীয় সন্তান ও প্রথম কন্যা যায়নাব ﵂ জন্মগ্রহণ করেন।<br>• এই বছর তাঁকে 'আল-আমীন' উপাধিতে ভূষিত করা হয়।<br>• ১ম সন্তান কাসিম ইন্তিকাল করেন। |
| ৬০৩ | ৩৩ | | | ৩৩ | ৩য় সন্তানের জন্মগ্রহণ | • খাদিজা ﵂ এর গর্ভে নবীজির তৃতীয় সন্তান ও দ্বিতীয় কন্যা রুকাইয়া ﵂ জন্মগ্রহণ করেন। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| ৬০৫ | ৩৫ | | | ৩৫ | কাবা পুনঃনির্মাণ এবং হাজরে আসওয়াদের বিরোধ মীমাংসা | • কাবাঘরের নিরাপত্তাহীনতা ও ভগ্নদশা দেখে কুরাইশদের পুনরায় কাবা নির্মাণের সিদ্ধান্তগ্রহণ।<br>• কাবানির্মাণের জন্যে প্রত্যেকের পবিত্র ও হালাল সম্পদ থেকে গ্রহণ।<br>• স্থাপত্য নির্মাণকাজে বাকূম নামক রোমান স্থাপত্যশিল্পীর নেতৃত্বদান।<br>• হাজরে আসওয়াদ স্থাপন করা নিয়ে বিরোধ আরম্ভ।<br>• চার-পাঁচদিন ব্যাপী চলমান দ্বন্দ্ব যুবক মুহাম্মাদের বুদ্ধিমত্তার মাধ্যমে সমাধান।<br>• চাদরের মাঝে হাজরে আসওয়াদ রেখে বিবাদমান গোষ্ঠী প্রধানদের দিয়ে তা যথাযথ স্থানে স্থাপন। |
| ৬০৭ | ৩৭ | | | ৩৭ | নবুওয়াতের পূর্বাভাস, ৩য় দফা বক্ষ বিদারণ | • মুহাম্মাদ ﷺ আলী ؓ এর লালনপালনের দায়িত্ব গ্রহণ করেন।<br>• তিনি সমাজের অশান্তি, বিশৃঙ্খলা ও পঙ্কিলতা নিয়ে প্রায়ই চিন্তাযুক্ত থাকতেন।<br>• হেরা গুহায় গমনাগমন শুরু।<br>• নবুওয়াত লাভের পূর্বে বেশ কিছু নিদর্শন, যেমন- পাথরের সালাম করা ও বাস্তব স্বপ্ন দেখা ইত্যাদি ঘটতে থাকা।<br>• নবুওয়াত লাভের প্রাক্কালে ৩য় দফা বক্ষ বিদারণ। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| নবুওয়াতি জীবনের শুরু (মাক্কী যুগ) | | | | | | |
| ৬১০ | | ১ | | ৪০ | ওহীর আগমন, নবুওয়াতপ্রাপ্তি এবং ৪র্থ সন্তানের জন্মগ্রহণ | • রমযান মাসের একুশ তারিখ, সোমবার মুহাম্মাদ ﷺ এর কাছে জিবরাঈল ؑ কে প্রেরণ।<br>• সর্বপ্রথম সূরা আলাকের ১-৫ নং আয়াত নাযিল হয়।<br>• ভীতসন্ত্রস্ত রাসূলকে খাদিজার সাহসদান এবং ওয়ারাকার কাছে গমন।<br>• খাদিজা ؓ এর গর্ভে নবীজির ৪র্থ সন্তান ও ৩য় কন্যা ফাতিমা ؓ জন্মগ্রহণ করেন।<br>• ওহীকে সুরক্ষিত রাখার জন্য শয়তানের উপর আসমানে উল্কা নিক্ষেপ শুরু।<br>• নবুওয়াতের প্রথম দিন থেকেই ফজর ও আসর সালাতের দুই রাকাত ফরয করা হয়।<br>• সালাত ফরজ হওয়ার পর নবী ﷺ ও সাহাবিদের লোকচক্ষুর আড়ালে সালাত কায়েম।<br>• সাময়িকভাবে ওহী আসা বন্ধ হয়ে যাওয়া। |
| ৬১১-৬১৩ | | ২-৩ | | ৪২-৪৩ | অপ্রকাশ্যে দাওয়াত দান, কন্যার বিবাহ | • সূরা মুদ্দাস্‌সির ও সূরা মুযযাম্মিলের আয়াত নাযিলের পর রাসূল ﷺ এর দাওয়াতি কার্যক্রমের উদ্বোধন।<br>• দাওয়াতি কাজ সর্বপ্রথম তাঁর কাছের মানুষ, পরিবারবর্গ ও বন্ধু-বান্ধবদের কাছে তুলে ধরেন।<br>• প্রথম দিনই ইসলাম গ্রহণ করেন খাদিজা ؓ, যায়েদ বিন হারেসা ؓ, আলী ؓ ও আবু বকর ؓ।<br>• টানা ৩ বছর গোপনে দাওয়াত প্রদান। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • নবীজির কন্যা রুকাইয়া ﵂ এর সাথে উসমান ﵁ এর বিবাহ হয়। |
| ৬১৪ | | ৪ | | ৪৪ | প্রকাশ্যে ইসলামের প্রচার ও কুরাইশদের নিষ্ঠুর নির্যাতন শুরু | • আল্লাহর পক্ষ থেকে প্রকাশ্যে ইসলাম প্রচারের নির্দেশ।<br>• এ ক্ষেত্রে সর্বপ্রথম নাযিলকৃত আয়াত সূরা শু'আরা: ২১৪<br>• বনু হাশিম ও বনু মুত্তালিবের কয়েকজন মিলে মোট ৪৫ জনকে খাওয়ার দাওয়াতে ডেকে ইসলামের দাওয়াত প্রচার, আবু লাহাবের প্রত্যাখ্যান।<br>• আবু তালিবের সমর্থন পেয়ে সাফা পাহাড়ে আরোহণ করে কুরাইশবাসীদের আহ্বান।<br>• আবু লাহাবের অযাচিত আচরণের প্রেক্ষিতে সূরা লাহাব নাযিল।<br>• সভা সমিতি, হাটে-বাজারে প্রকাশ্যে ইসলামের প্রতি আহ্বান ও ইসলাম পালন।<br>• দলে দলে মানুষের ইসলাম গ্রহণ, মক্কার অলিগলিতে হেদায়েতের দমকা হাওয়া।<br>• ওয়ারাকা ইবনে নাওফাল ﵁ ইন্তিকাল করেন।<br>• আয়িশা ﵂ জন্মগ্রহণ করেন।<br>• সূরা আনকাবুতের কিছু অংশ নাযিল হয়।<br>• নবুওয়তের চতুর্থ বছরের মাঝামাঝি বা শেষের দিকে কাফের, মুশরিকদের বিরোধিতা শুরু।<br>• ইসলাম গ্রহণকারী সাহাবিদের উপর কুরাইশদের নিষ্ঠুর ও ভয়াবহ নির্যাতন শুরু। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| ৬১৫ | | ৫ | | ৪৫ | হাবশা বা বর্তমান আবিসিনিয়ায় হিজরত | • মুসলিমদের জন্যে মক্কা অনিরাপদ হয়ে ওঠে।<br>• সূরা যুমারের মাধ্যমে মুসলিমদের হিজরতের নির্দেশ।<br>• নবুওয়ের পঞ্চম বছরের রজব মাসে সাহাবায়ে কেরামের প্রথম দলের হিজরত।<br>• দলের মোট সদস্য সংখ্যা বারোজন পুরুষ ও চারজন মহিলা।<br>• এই বছর সূরা নজম নাযিল হয় এবং নবীজির কণ্ঠে সূরা নজমের তিলাওয়াত শুনে কাফির-মুশরিকেরা সিজদায় লুটিয়ে পড়ে।<br>• নবীজির পিঠে উটের নাড়িভুড়ি চাপিয়ে দেওয়া হয় এই বছরে। |
| ৬১৬ | | ৬ | | ৪৬ | দারুল আরকামে জমায়েত, হামযা ও উমার ﷺ এর ইসলাম গ্রহণ, আবিসিনিয়ার ২য় হিজরত | • নবীজি সাহাবিদের দ্বীনের তালিম দেওয়ার জন্য আরকাম বিন আবিল আরকাম ﷺ এর বাসায় গোপনে জমায়েত হতেন।<br>• এই বছর হামজা ﷺ ও উমার ﷺ ইসলাম গ্রহণ করেন।<br>• আবিসিনিয়ায় দ্বিতীয়বারের মতো হিজরত করেন সাহাবিগণ।<br>• দ্বিতীয়বার হিজরতে মুহাজিরদের সংখ্যা ছিল ৮২ বা ৮৩ জন পুরুষ ও ১৮ বা ১৯ জন নারী। |
| ৬১৭ | | ৭ | | ৪৭ | বনু হাশিম ও বনু মুত্তালিবকে বয়কট | • মুহাস্সাব উপত্যকায় বনু কিনানার সাথে সমাবেত হয়ে বনু হাশিম বনু মুত্তালিবের সাথে বৈবাহিক, বাণিজ্যিক, সবধরনের লেনদেন ও সম্পর্ক ছিন্ন করার অঙ্গীকার<br>• বয়কটের শর্ত নিয়ে চুক্তিনামা লিখন |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • চুক্তিনামা প্রকাশ করার পর বনু হাশিম, বনু মুত্তালিবের সকলের একঘরে হয়ে পড়া<br>• খাদ্যদ্রব্য থেকে শুরু করে নিত্য প্রয়োজনীয় সকল বস্তুর অভাবে বিপর্যস্ত জীবনযাপন<br>• দুই/তিন বছর একইভাবে চলার পর চুক্তিপত্র ছিন্ন<br>• সূরা 'আরাফ ও সূরা ফুরকান নাযিল হয়। |
| ৬১৮ | | ৮ | | ৪৮ | বুয়াস যুদ্ধ শুরু ও চাঁদ দ্বিখণ্ডিত হওয়ার মুজিযা | • সূরা রূমের প্রথমদিকের কিছু আয়াত নাযিল হয়।<br>• আবু বকর ও উবাই ইবনে খালাফ এর মধ্যে ১০০ উটের বাজি।<br>• নবীজির চাঁদ দ্বিখণ্ডিত করার মুজিযা প্রকাশিত হয়।<br>• আওস ও খাজরাজের মধ্যে বু'আস যুদ্ধ শুরু হয়। |
| ৬২০ | | ১০ | | ৫০ | বয়কট থেকে মুক্তি, আবু তালিব ও খাদিজা (ؓ) এর ইন্তেকাল, সাওদা (ؓ) এর সাথে বিবাহ, তায়েফে গমন, জ্বীনদের ইসলাম গ্রহণ, দাওয়াতের ভিন্নতা | • শি'বে আবু তালিবের ভয়াবহ তিন বছর অতিক্রমের পর আশি বছরের বৃদ্ধ আবু তালিবের অসুস্থতা ভয়াবহ পর্যায়ে উপনীত হওয়া<br>• সেখান থেকে মুক্তির ছয়মাস পর রজব মাসে আবদুল মুত্তালিবের ধর্মের ওপর বিশ্বাস রেখেই আবু তালিবের ইন্তেকাল<br>• আবু তালিবের মৃত্যুর দুই/তিনমাস পর নবুওয়াতের দশম বছরের রমযান মাসে খাদিজা ؓ এর মৃত্যু<br>• নবুওতের দশম বছরের শাওয়াল মাসে সাওদা ؓ কে বিবাহ<br>• তায়েফের পথে রওয়ানা, তায়েফে পৌঁছে সর্বপ্রথম বনু সাকীফের তিন ভাইয়ের কাছে ইসলামের দাওয়াত ও তাদের দ্বারা প্রত্যাখ্যান, তায়েফবাসীর নিষ্ঠুর আচরণ |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • নাখলা নামক স্থানে জ্বীনদের ইসলাম গ্রহণ<br>• এই বছর হজ্বযাত্রীদেরকে দাওয়াত দেওয়ার ক্ষেত্রে নবীজি নতুন পন্থা অনুসরণ করেন- তাওহীদ গ্রহণ ও শির্ক বর্জনের দাওয়াতের পাশাপাশি মুসলিমদের জন্য নতুন ভূমির আকাঙ্ক্ষা তিনি তুলে ধরেন। |
| ৬২১ | | ১১ | | ৫১ | আয়েশা ﵂ এর সাথে বিবাহ, ৪র্থ দফা বক্ষ বিদারণ, ইসরা ও মিরাজ, ইয়াসরিবের সূর্যোদয় | • শাওয়াল মাসে আয়েশা ﵂ এর সাথে নবীজী বিবাহ বন্ধনে আবদ্ধ হন<br>• ইসরা ও মিরাজের প্রাক্কালে ৪র্থ দফায় নবীজির বক্ষ বিদারণ হয়<br>• ইসরা ও মিরাজের ঘটনা সংঘটিত হয়<br>• নবুওয়েত একাদশ বছরে ইয়াসরিবের ছয় লোকের ইসলাম গ্রহণ<br>• তাদের দাওয়াতে নবুওয়ের দ্বাদশ বছরে ইয়াসরিবের সাত ব্যক্তির ইসলাম গ্রহণ |
| ৬২২ | | ১২ | | ৫২ | আকাবার প্রথম বাইয়াত | • মীনার নিকটবর্তী আকাবা নাম ঘাটিতে সাক্ষাৎ করে ১২ জন ইয়াসরিবির প্রথমবার বাইয়াত প্রদান। এতে শিরক, চুরি, ব্যভিচারসহ আরও কিছু গুনাহ না করার বিষয়ে অঙ্গীকার গ্রহণ।<br>• মুস'আব বিন উমায়েরকে শিক্ষক হিসেবে মদিনায় প্রেরণ।<br>• মদিনায় সর্বপ্রথম জুম'আর নামায অনুষ্ঠিত হয়। |
| ৬২৩ | | ১৩ | | ৫৩ | আকাবার দ্বিতীয় বাইয়াত | • হজ্জের মৌসুমে আহলে ইয়াসরিবের মধ্য থেকে সত্তরের বেশি মুসলিমের মক্কায় আগমন ও মীনার আকাবা নাওম স্থানে নবীজির কাছে দ্বিতীয়বার বাইয়াত প্রদান<br>• রাসূলের কথা মান্য, আল্লাহর পথে ব্যয়, সৎকাজে আদেশ, অসৎকাজে নিষেধ, রাসূলকে হেফাজত ইত্যাদির ওপর বাইয়াত।<br>• নবীজিকে মদিনায় স্বাগত জানানো হয়।<br>• কাফিরদের অত্যাচার চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| নবুওয়াতি জীবনের শুরু (মাদানী যুগ) | | | | | | |
| ৬২৪ | | ১৪ | ১ | ৫৪ | মদিনায় হিজরত, কুবায় অবস্থান,<br>মসজিদে তাকওয়া ও মসজিদে নববী প্রতিষ্ঠা, নবীজির নানাবিধ কর্মসূচী, মদিনা সনদ | • রাসূল ﷺ কে হত্যার ঘৃণ্য সিদ্ধান্ত গ্রহণ, রাসূলের মক্কাত্যাগের বিষয়ে আল্লাহর নির্দেশ<br>• কুরাইশদের ষড়যন্ত্র নস্যাৎ করে দিয়ে রাসূলের মক্কা থেকে রওনা<br>• কুবার কুলসুম বিন হাদমের গৃহে সর্বমোট চারদিন অবস্থান<br>• নবুওয়তের পর তাকওয়ার পর ভিত্তি করে প্রথম মসজিদ নির্মাণ, তাতে সালাত আদায়, পুনরায় মদিনার পথে যাত্রা শুরু<br>• ১২ রবিউল আউয়াল মদিনার বনু নাজ্জার গোত্রে অবতরণ, সাহাবি আবু আইউব ؓ এর ঘরকেই নিজ বাসস্থান হিসেবে মনোনয়ন<br>• মদিনায় আগমনের পর সর্বপ্রথম পদক্ষেপ মসজিদে নববী নির্মাণ<br>• রাসূল ﷺ এর অংশগ্রহণে মসজিদ ও সাথে লাগিয়ে নিজ বাসস্থান নির্মাণ<br>• নবীজির সর্বপ্রথম জুম'আ আদায়<br>• আলী ؓ ও আহলে বাইতের মদিনায় হিজরত<br>• আযান ও ইকামতের সূচনা<br>• মুহাজিরদের প্রথম সন্তান আব্দুল্লাহ ইবনে জুবাইর ؓ এর জন্মগ্রহণ<br>• মদিনা সনদ চূড়ান্তকরণ<br>• সালাতের রাক'আত বৃদ্ধি<br>• রাসূল ﷺ এর সংসারে আয়িশা ؓ এর আগমন |
| ৬২৫ | | ১৫ | ২ | ৫৫ | ইহুদি ও অমুসলিমদের সাথে চুক্তি, প্রথম সেনাদল প্রেরণ, গাযওয়ায়ে ওয়াদ্দান (আবওয়া), গাযওয়ায়ে সাফওয়ান (ছোট বদর), গাযওয়ায়ে যুল উশাইরা, | • নতুন সমাজ প্রতিষ্ঠার পর অমুসলিমদের সাথে রাজনৈতিক ও কূটনৈতিক সম্পর্ক স্থাপনে মনোযোগী হওয়া<br>• অমুসলিমদের কল্যাণ, মঙ্গল ও পূর্ণ স্বাধীনতার কথা মাথায় রেখে চুক্তিনামা প্রস্তুতকরণ |

All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | সারিয়্যায় নাখলা, কিবলা পরিবর্তন, যাকাতের বিধান চালু, জিহাদ ফরজ, **বদর যুদ্ধ**, বনু সালিম যুদ্ধ, গাযওয়ায়ে বনু কাইনুকা, মদিনা থেকে বনু কায়নুকাকে বহিষ্কার, গাযওয়ায়ে গতফান (যী আমর), নবীজির ছোটকন্যা ফাতিমা ؓ এর বিবাহ, নবীজির সাথে হাফসা ؓ এর বিবাহ, সারিয়্যায় যায়েদ বিন হারেসা | • ইহুদি-কুরাইশদের ষড়যন্ত্রে মুসলিমদের জীবন অনিরাপদ হয়ে ওঠা, আল্লাহর পক্ষ থেকে মুসলিমদের যুদ্ধের অনুমতি প্রদান<br>• মক্কার কুরাইশদের ওপর প্রভাব বিস্তারের জন্যে দুটি পদক্ষেপ গ্রহণ, সে অনুযায়ী প্রথম সেনাদল প্রেরণ<br>• আগস্টে কুরাইশ কাফেলার গতিবিধি নির্ধারণে সত্তরজন সাহাবি নিয়ে রাসূলের গমন, ওয়াদ্দানে পৌঁছানো<br>• গাযওয়ার সময় বনু যামরার গোত্রপতির আমর বিন মাখশীর সাথে মৈত্রীচুক্তি<br>• সেপ্টেম্বরে মুশরিক দলের মদিনায় অতর্কিত হামলা ও মুসলিমদের পশু লুণ্ঠন<br>• সত্তুরজন সাহাবি নিয়ে রাসূলের রওয়ানা। সাফাওয়ান উপত্যকায় কারও সাক্ষাৎ না পেয়ে ফেরা<br>• নভেম্বর ও ডিসেম্বর মাসে দেড়শ বা দুই'শ সাহাবি, ত্রিশটি উট নিয়ে রওয়ানা।<br>• মুসলিম বাহিনী উশাইরা নামক স্থানে পৌঁছানোর পর কাফেরদের সে-ই স্থান অতিক্রম করে চলে যাওয়ার কথা জানতে পারা<br>• রজব মাসে আব্দুল্লাহ ইবনে জাহাশ রা. এর নেতৃত্বে সারিয়্যায় নাখলাহ সংঘটিত।<br>• ইসলামের ইতিহাসের প্রথম গনিমতের মাল, প্রথম নিহত ও প্রথম বন্দি হয় এই সারিয়্যাতে<br>• সারিয়্যায় নাখলার কিছুদিন পরই জিহাদ ফরজের নির্দেশ<br>• ফেব্রুয়ারী মাসে মুসলিমদের কিবলা বাইতুল মুকাদ্দাস থেকে মসজিদে হারামের দিকে পরিবর্তনে আল্লাহ তায়ালার নির্দেশ<br>• এর মাধ্যমে মুসলিম শিবিরে দাঙ্গা-হাঙ্গামা করতে আসা ইহুদি-মুনাফিকদের পর্দা ফাঁস |
| | | | | | | • হিজরি দ্বিতীয় বর্ষের রমযানে রোযা ও সদক্বায়ে ফিতর ফরজ |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • নবীজির কন্যা রুকাইয়া ﵂ এর ইন্তিকাল।<br>• আশুরার রোযা ও রমযানের ফরয রোযার বিধান দান।<br>• সর্বপ্রথম ঈদুল আযহার বিধান দান।<br>• ফাতিমা ﵂ এর সাথে আলী ﵁ এর বিয়ে।<br>**বদর যুদ্ধ**<br>• ১৭ই রমযান বদরের যুদ্ধে মুসলিম বাহিনীর ৩১৩ জন সৈন্যের সাথে কুরাইশদের হাজার সামরিক প্রশিক্ষণপ্রাপ্ত রণকুশলী যোদ্ধার মুখোমুখি সংঘর্ষ<br>• রবের সান্নিধ্যে রাসূলের আকুতি, ফেরেশতাদের অবতরণ, রণাঙ্গন থেকে ইবলিশের পলায়ন, কুরাইশদের চূড়ান্ত পরাজয়, বদর যুদ্ধ সম্পর্কে কুর'আনে সূরা আনফাল নাযিল<br>• বদরে থেকে ফেরার সাতদিন পর বনু সালিমের যুদ্ধ সংঘটিত<br>• মুসলিমদের আক্রমণের খবর পেয়ে পলায়ন। যুদ্ধ হয়নি।<br>• বনু কাইনুকা'র চুক্তিভঙ্গ, মুসলিমদের মাঝে অনৈক্য, বিরোধ সৃষ্টির বারংবার চেষ্টা, যুদ্ধের ঘোষণা, বাজারে মুসলিম নারীর সম্ভ্রমহানি, মুসলিম-বনু কাইনুকার সম্পর্ক চিরতরে ছিন্ন<br>• রাসূল ﷺ কর্তৃক বনু কাইনুকা অবরোধ, ইহুদিদের আত্মসমর্পণ, ইবনে উবাইয়ের অনুরোধে তাদের প্রাণভিক্ষা<br>• বদর ও উহুদের মাঝামাঝি সময়ে সংঘটিত সবচেয়ে বড় সামরিক হামল গাযওয়ায়ে যী আমর<br>• বনু সা'লাবা ও বনু মুহারেবের মদিনা আক্রমণের পরিকল্পনা, রাসূলের নেতৃত্বে মুসলিমবাহিনীর প্রস্তুতি<br>• মদিনাবাহিনীর আগমনের সংবাদে শত্রুবাহিনীর পলায়ন, যু আমর নামক কূপের কাছে একমাস অবস্থানের পর মুসলিম বাহিনীর মদিনায় ফেরা |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • শা'বান মাসে নবীজী হাফসা ﵂ কে বিয়ে করেন।<br>• আলী ﵁ আবু তুরাব উপাধি লাভ করেন।<br>• জুমাদাল উলা মাসে সিরিয়ার সমুদ্রোপকূলবর্তী সায়ফুল বাহর এলাকায় পরিচালিত হয় সারিয়্যায় যায়েদ বিন হারিসা। |
| ৬২৬ | | ১৬ | ৩ | ৫৬ | **উহুদ যুদ্ধ, গাযওয়ায়ে হামরাউল আসাদ,** নবীজির মেয়ে উম্মে কুলসুম এর বিয়ে, মদ প্রাথমিকভাবে নিষিদ্ধ হওয়া, উহুদ যুদ্ধের পরে উত্তরাধিকার বিধান ও সুদ পরিহারের প্রাথমিক বিধান নাযিল। | **উহুদ যুদ্ধ**<br>• উহুদের যুদ্ধে এক হাজার যোদ্ধা, একশ লৌহবর্ম নিয়ে মুসলিমবাহিনীর ও তিন হাজার যোদ্ধা, দুইশ উট নিয়ে কুরাইশদের যাত্রাশুরু<br>• ইবনে উবাইর মুনাফিকি আচরণ, মুখোমুখি সংঘর্ষের আগ মুহূর্তে তিনশ সৈন্য নিয়ে আলাদ হয়ে যাওয়া, মুশরিকদের পতাকাবাহি তালহা আবদারীকে হত্যার মাধ্যমে সংঘর্ষের সূচনা<br>• কুরাইশ পতাকাবাহকদের ধারাবাহিক মৃত্যু, মুসলিমদের কিছু ভুল পদক্ষেপের কারণে কুরাইশদের জয়, শেষপর্যন্ত লড়ে যাওয়া মুসলিম মুজাহিদ<br>**গাযওয়ায়ে হামরাউল আসাদ**<br>• সার্বিক পরিস্থিতি বিবেচনায় উহুদের পরদিন রাসূলের দুশমন মুকাবিলার জন্যে প্রস্তুতির ঘোষণা<br>• উহুদে অংশগ্রহণকারী সেনাদের নিয়ে পুনরায় প্রস্তুতিগ্রহণ, হামরাউল আসাদে শিবির স্থাপন<br>• বস্তুতই মুশরিকবাহিনীর মুসলিমদের বিরুদ্ধে ফিরতি অভিযান শুরু, কুরাইশ গুপ্তচরকে হত্যা<br>• গাযওয়ায়ে হামরাউল আসাদ হলো উহুদের যুদ্ধের শেষাংশ, জয় কাফেরদের ও পরাজয় মুসলিমদের হওয়া সত্ত্বেও সামগ্রিকদিক বিবেচনা করে মুসলিমদের জয় ধর্তব্য<br>• কা'ব বিন আশরাফের হত্যাকাণ্ড<br>• উম্মে কুলসুম ﵂ ও উসমান ﵁ এর মধ্যে বিয়ে |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • হাসান ﵁ জন্মগ্রহণ করেন<br>• যায়নাব বিনতে খুজায়মা ﵂ কে নবীজি বিয়ে করেন ও এই বছরেই তিনি ইন্তিকাল করেন<br>• এই বছর মতান্তরে ৪র্থ হিজরিতে মদ নিষিদ্ধ হওয়ার প্রাথমিক আয়াত নাযিল হয়।<br>• উহুদ যুদ্ধের অব্যবহিত পরে সুদ পরিহারের প্রাথমিক বিধান নাযিল হয়।<br>• উহুদ যুদ্ধের পরে উত্তরাধিকার আইনের আয়াত নাযিল হয়। |
| ৬২৭ | | ১৭ | ৪ | ৫৭ | রাজী অভিযান, বীরে মাউনা ট্র্যাজেডি, বনু নাযীরকে বহিষ্কার, দ্বিতীয় বদর যুদ্ধের অভিযান, দুমাতুল জন্দলের যুদ্ধ, হুসাইন ﵁ এর জন্ম, উম্মে সালামা ও যায়নাব বিনতে জাহাশ ﵂ এর সাথে নবীজির বিবাহ, পর্দার বিধান নাযিল, মদ্যপান পুরোপুরি নিষিদ্ধ। | • চতুর্থ হিজরিতে বনু আজল ও কারাহ থেকে কিছুলোকের রাসূলের নিকট আগমন এবং দ্বীন শেখার কথা বলে ছয়জন সাহাবিকে নিয়ে যাওয়া, তাদের নির্মমভাবে হত্যা-রাজির ঘটনা<br>• আবু বারা নামক ব্যক্তির রাসূলের কাছে এসে দ্বীন শিক্ষার জন্যে কিছু সাহাবিকে নিয়ে যাওয়ার আর্জি<br>• সত্তরজন সাহাবিকে প্রেরণ, বীরে মাউনা কূপের কাছে পৌঁছানোর পর আমের বিন তুফাইলের নিকট ইসলামের দাওয়াত দিয়ে চিঠি প্রেরণ, হারাম ﵁ কে হত্যা<br>• বনু সুলাইমের উসাইয়্যা, রি'ল ও যাকাওয়ান দ্বারা সাহাবায়ে কেরামদের হামলা, ভীষণ যুদ্ধ<br>• কা'ব ইবনে যায়দ ব্যতীত সকল সাহাবির শাহাদত বরণ<br>• ইহুদিদের চুক্তির সীমালঙ্ঘন, নবীজিকে হত্যাচেষ্টা, ইহুদিদের মদিনা ছেড়ে যাওয়ার নির্দেশ, রঈসুল মুনাফিকিনের অভয় শুনে ইহুদিদের মুসলিমদের বিরুদ্ধে লড়াইয়ের সিদ্ধান্তগ্রহণ<br>• রাসূলের নেতৃত্বে বনু নযীর অবরোধ, ইহুদিদের সাথে রঈসুল মুনাফিকীনের বিশ্বাসঘাতকতা, ছয়দিন অবরোধের পর ইহুদিদের আত্মসমর্পণ, ইহুদি বিতাড়নের চিত্র অঙ্কন করে সূরা হাশর নাযিল |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • আবু সুফিয়ানের সাথে উহুদের প্রান্তরে মুখোমুখি হওয়ার সময় উপস্থিত হওয়া<br>• দশটি ঘোড়াসহ পনেরো'শ সেনা নিয়ে মুসলিম বাহিনী ও পঞ্চাশটি ঘোড়া ও দুই হাজার সেনা নিয়ে কুরাইশ বাহিনীর যাত্রা শুরু<br>• মাররুযাহরান নামক স্থানে এসে মুশরিকদের অন্তরে ভীতির সঞ্চার ও পিছু হটা<br>• দীর্ঘ আটদিন শত্রুবাহিনীর অপেক্ষায় থেকে মুসলিম বাহিনীর ফিরে আসা<br>• রবিউল আউয়ালে সিরিয়ার কাছে দুমাতুল জান্দালের আশেপাশের গোত্রদের ডাকাতি ও লুটপাট কর্মকান্ড প্রতিহত করতে অভিযান<br>• দুমাতুল জন্দলের অধিবাসীদের পলায়ন, বাহিনীর মদিনায় ফিরে আসা<br>• হুসাইন ﷺ জন্মগ্রহণ করেন<br>• নবীজী উম্মে সালামা ﷺ কে বিবাহ করেন<br>• খুবাইব ﷺ কে মক্কায় শহীদ করা হয়<br>• কসর সালাতের বিধান দান<br>• ১লা জিলক্বদ যায়নাব বিনতে জাহাশ ﷺ কে নবীজির বিবাহ<br>• ১লা জিলকদ পর্দার বিধান নাযিল হয়<br>• মদ্যপান পুরোপুরি নিষিদ্ধ করা হয় |
| ৬২৮ | | ১৮ | ৫ | ৫৮ | **আহযাবের যুদ্ধ বা গাযওয়ায়ে খন্দক, গাযওয়ায়ে বনু কুরাইযা,** সারিয়্যা উক্কাশা বিন মিহছান, সারিয়্যা মুহাম্মদ বিন মাসলামা, সারিয়্যায় আবু উবাইদা ইবনুল জাররাহ, গাজওয়া বনু লেহিয়ান, ওয়াদিল কুরা, সারিয়্যায় খবাত, গাযওয়ায়ে বনু | **আহযাবের যুদ্ধ বা গাযওয়ায়ে খন্দক**<br>• পঞ্চম হিজরি শাওয়াল মাসে খন্দকের যুদ্ধ বা আহযাবের যুদ্ধ সংঘটন<br>• মুসলিমদের বিরুদ্ধে বনু নযীর ও মক্কার কুরাইশদের ষড়যন্ত্র, দশ হাজার সশস্ত্র বাহিনী নিয়ে মদিনার পথে যাত্রা<br>• মদিনাবাসীদের রক্ষার স্বার্থে পরিখা খননের সিদ্ধান্ত গ্রহণ, পরিখা খননের কঠিন দিনগুলিতে নবুওয়ের বহু নিদর্শন প্রকাশ<br>• বিশাল পরিখা দেখে ক্রোধে উন্মত্ত মুশরিকদের অবরোধ জারী, রাসূল ﷺ ও মুসলিমদের একমাস অবরোধ করে মুশরিকবাহিনী |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | মুস্তালিক, জুয়াইরিয়া ﵂ এর সাথে নবীজির বিয়ে, ইফকের ঘটনা, তায়াম্মুমের বিধান | • বনু কুরাইযার বিশ্বাসঘাতকতা, মুসলিম বাহিনীর বুদ্ধিমত্তায় বনু গাতফানের সহায়তায় শত্রুপক্ষের ছত্রভঙ্গ ও ফিরে যাওয়া<br>**গাযওয়ায়ে বনু কুরাইযা**<br>• খেয়ানত ও বিশ্বাসঘাতকতার শাস্তি হিসেবে প্রায় ত্রিশ হাজার সেনা নিয়ে বনু কুরাইযা অবরোধ<br>• কা'ব ইবনে আসাদ কর্তৃক তিনটি পথের প্রস্তাব, তিনটিই প্রত্যাখ্যান, আবু লুবাবার বোকামী, বনু কুরাইযার অবতরণ<br>• সা'দ ﵁ এর ফয়সালা অনুসারে বনু কুরাইযার পুরুষদের হত্যা, নারী-শিশুদের বন্দি, ধনসম্পদ বন্টন<br>• সা'দ বিন মুয়াযের ইন্তিকাল। তাঁর ইন্তিকালে আল্লাহর আরশ কেঁপে ওঠে।<br>• তায়াম্মুমের বিধান নাযিল হয়।<br>• রবিউল আউয়াল/রবিউস সানিতে সারিয়্যায় উক্কাশা বিন মিহছান। সাহাবিদের দেখে শত্রুপক্ষ পালিয়ে যায়।<br>• রবিউল আউয়াল/রবিউস সানিতে সারিয়্যায় মুহাম্মদ বিন মাসলামা। দাওয়াতি কাজে বনু সালাবা অঞ্চলে গিয়ে ঘুমন্ত অবস্থায় নিহত হন সাহাবিরা। ফিরে আসেন কেবল দলনেতা মুহাম্মদ বিন মাসলামা।<br>• রবিউস সানিতে মুহাম্মদ বিন মাসলামার সাথিদের হত্যার প্রতিশোধ নিতে অনুষ্ঠিত হয় সারিয়্যায় আবু উবায়দা ইবনুল জাররাহ। হত্যাকারীরা পলায়ন করে।<br>• রবিউস সানিতে অনুষ্ঠিত হয় সারিয়্যায় যায়েদ বিন হারেসা। বনু সুলাইমের কিছু লোক বন্দি হয়।<br>• জুমাদাল উলা মাসে আর রাজির ঘটনার প্রতিশোধ নিতে অনুষ্ঠিত হয় গাজওয়া বনু লেহিয়ান।<br>• জমাদিউস সানি মাসে বনু সালাবাহ গোত্রে জায়েদ ইবনু হারেসা রা. ১৫ সদস্যের বাহিনীসহ প্রেরিত হন। |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • রজব মাসে ১২ সদস্যের দল নিয়ে ওয়াদিল কুরায় প্রেরিত হন যায়েদ বিন হারিসা।<br>• তিনশত সওয়ারিকে কুরাইশ বাণিজ্য কাফেলার সন্ধানে সারিয়্যায় খাবাতে প্রেরণ, অত্যাধিক ক্ষুধায় গাছের পাতা বা খাবাত খেয়ে দিন কাটানো, নদীর কিনারায় বিরাটাকৃতির আম্বর মাছ পাওয়া।<br>• বনু মুস্তালিকের গোত্রপতি, তাঁর কওম কিছু গোত্রপতি নিয়ে যুদ্ধ করতে রওয়ানা হওয়ার সংবাদ পেয়ে রাসূল ﷺ এর সাহাবায়ে কেরামদের প্রস্তুতি গ্রহণের নির্দেশ<br>• যুদ্ধে মুসলিমদের জয়, বন্দিনীদের মাঝে জুওয়াইরিয়া ؓ এর সাথে রাসূল ﷺ এর বিবাহ<br>• যুদ্ধে মুনাফিকদের ভূমিকা, মদিনা থেকে নীচু লোকদের বের করে দেয়ার বক্তব্য<br>• গাযওয়া থেকে ফেরার পথে আয়েশা ؓ এর কাফেলা ছুটে যাওয়া, সাহাবি সফওয়ান ؓ এর সাহায্যে কাফেলায় ফেরা<br>• ইফকের ঘটনা- আয়েশা ؓ কে নিয়ে কুৎসা রটনা, কুর'আনের আয়াত নাযিলের মাধ্যমে আয়িশার পবিত্রতা ঘোষণা। |
| ৬২৯ | | ১৯ | ৬ | ৫৯ | সারিয়্যায় উরনাইয়াইন, আবু সুফিয়ান কর্তৃক নবীজিকে হত্যাচেষ্টা, উমরার উদ্দেশ্যে সাহাবিদের মক্কায় যাত্রা, বাইয়াতুর রিদওয়ান, হুদাইবিয়ার সন্ধি, উম্মে হাবিবাকে বিবাহ | • শাওয়াল মাসে সারিয়্যায় উরনাইয়াইন পরিচালিত হয়।<br>• আবু সুফিয়ানের প্রেরিত বেদুইন কর্তৃক নবীজিকে হত্যাচেষ্টা। দেখামাত্র বেদুইনের দুরভিসন্ধি ধরে ফেললেন নবীজি।<br>• শাস্তিস্বরূপ আবু সুফিয়ানকে হত্যার জন্যে সাহাবি প্রেরণ কিন্তু লক্ষ্যপূরণ না হওয়া।<br>• সাহাবায়ে কেরামের কাছে রাসূল ﷺ এর ওমরায় যাওয়ার ইচ্ছাপ্রকাশ, যাত্রার প্রস্তুতিগ্রহণ, প্রায় পনেরো'শ সাহাবির সাথে মক্কার পথে যাত্রা শুরু |

All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • মুসলিমদের লক্ষ্য ও পদক্ষেপ খোলাসা করা উদ্দেশ্যে প্রতিনিধি হিসেবে উসমান ﵁ কে প্রেরণ, উসমান হত্যার গুজব, বাইয়াতে রিযওয়ান<br>• পরিস্থিতির ভয়াবহতা টের পেয়ে কুরাইশদের পক্ষ থেকে সন্ধির উদ্দেশ্যে সুহাইল ইবনে আমরকে প্রেরণ<br>• উসমান ﵁ এর শাহাদাতের গুজব ছড়িয়ে পড়লে নবীজির হাতে ১৫০০ সাহাবির বাইয়াত গ্রহণ-বাইয়াতুর রিদওয়ান<br>• চারটি ধারার ওপর আলী ﵁ কর্তৃক হুদাইবিয়ার সন্ধিচুক্তি লেখন, উমরা থেকে হালাল হওয়ার জন্যে কুরবানি ও মুণ্ডানি, মুসলিমদের মনক্ষুন্নতা, চুক্তি অনুযায়ী দশ বছরের জন্যে যুদ্ধবন্ধের ঘোষণা<br>• সন্ধির অব্যবহিত পরে সপ্তম হিজরিতে কুরাইশের বড় বড় বীরপুরুষের ইসলাম গ্রহণ<br>• নবীজি উম্মে হাবিবা ﵂ কে বিয়ে করেন<br>• উরায়নার ঘটনা-সারিয়ায়ে কুরজ ইবনে জাবের ফিহরি ﵁ সংঘটিত হয় |

© All rights reserved to Itqaan Institute

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬৩০ | | ২০ | ৭ | ৬০ | বিশ্বনেতা ও রাজাদের আহ্বান, গাযওয়ায়ে যি-কারদ, **গাযওয়ায়ে খাইবার**, ওয়াদীয়ে কুরা, আবিসিনিয়ার মুহাজিরদের মদিনায় ফেরা, সাফিয়্যা এর সঙ্গে বিবাহ, নবীজিকে বিষ মিশ্রিত গোশত প্রেরণ, ফাদাক বিজয়, বনি ফাজারা অভিযান, তায়মা বিজয়, গাযওয়ায়ে যাতুর রিকা, সারিয়্যায় কুদাইদ, জুযাম গোত্রে অভিযান, সারিয়্যায় তুরবা, বনু কিলাব গোত্রের বিরুদ্ধে অভিযান, বনু আওয়াল বা জুহাইনা গোত্রের বিরুদ্ধে অভিযান, আসির বা বাশির বিন রেজামকে দমনের উদ্দেশ্যে অভিযান, বনু গাতফান বা ফাজারাহ গোত্রে সেনা প্রেরণ, উমরাতুল কাযা আদায়, ইসলামের প্রথম গেরিলা বাহিনী গঠন, মাইমুনা ﵂ এর সঙ্গে বিবাহ, সারিয়্যায় আবুল আওজা | • দূর-দূরান্তের রাজা ও বিশ্বনেতাদের ইসলামের দাওয়াত দিয়ে পত্রলেখার সিদ্ধান্ত, পত্রে মোহরাঙ্কিত করার জন্যে রাসূলের রূপার আংটি গ্রহণ, বার্তা প্রেরণের জন্যে যোগ্য ও অভিজ্ঞ সাহাবি নির্বাচন<br>• হাবশা রাজ নাজ্জাসী, মিসর রাজ মুকাওকিস, পারস্য সম্রাট, রোম সম্রাট কায়সার, মুনযির ইবনে সাবী, ইয়ামামা শাসক হাওয়া ইবনে আলী, দামেশক শাসক হারিস ইবনে আবী শামির গাসসানী, ওমান রাজ বরাবর পত্র প্রেরণ<br>• খাইবারে গমনের তিন দিনপূর্বে গাযওয়ায়ে যি-কারদ সঙ্ঘটিত<br>**গাযওয়ায়ে খাইবার**<br>• ইসলামের বিরুদ্ধে ইহুদি ষড়যন্ত্রের মূল কেন্দ্রবিন্দু খাইবারে অভিযান। সফরসঙ্গী ছিল ১৪০০ জন সাহাবি।<br>• ইহুদিদের সাথে মুনাফিকদের আঁতাত, খাইবরের পথে ঘটা বিক্ষিপ্ত ঘটনা, যুদ্ধের প্রস্তুতি, বিজয়ের সুসংবাদ, লড়াই শুরু<br>• নায়েম দুর্গ, সা'ব ইবনে মুয়ায দুর্গ বিজয়, যুবায়ের কেল্লা দখল, নাযার দুর্গ বিজয়, খাইবরের দ্বিতীয় অংশ বিজয়, পরিশেষে আলী ﵁ এর হাত ধরে খাইবার বিজয়<br>• খাইবার বিজয়ের পর ওয়াদীয়ে কুবার দিকে যাত্রা, ইহুদিদের তীরনিক্ষেপের মাধ্যমে যুদ্ধ শুরু<br>• মুসলিমদের পক্ষ থেকে ইসলামের দাওয়াত প্রচার, ইহুদিদের পক্ষ থেকে হামলা, শক্তি ও প্রভাবের মাধ্যমে মুসলিমদের ওয়াদীয়ে কুরা জয়<br>• জুমাদাল উখরা মাসে সাফিয়্যা ﵂ এর সাথে নবীজির বিয়ে<br>• খাইবার বিজয়ের পরে সাল্লাম বিন মিশকামের স্ত্রী যাইনাব বিনতে হারিস কর্তৃক নবীজিকে বিষমিশ্রিত গোশত প্রেরণ<br>• বিষয়টি পূর্বেই জেনে যাওয়ায় তা খাওয়া থেকে বিরত থাকেন নবীজি। |

All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • তবে এক সাহাবি এই গোশত খেয়ে ইন্তেকাল করেন, পরে কিসাস হিসেবে ঐ মহিলাকে হত্যা করা।<br>• ষড়যন্ত্রকারী আবুল হুকাইককে হত্যা<br>• মুহাইয়্যিসাহ ইবনে মাসঊদ ﷺ কে ফাদাকের ইহুদিদের ইসলামের দাওয়াত দেয়ার জন্যে প্রেরণ<br>• ইসলাম গ্রহণে বিলম্ব, খাইবর পতনের পর ফাদাকবাসীর অন্তরে ভীতির সঞ্চার<br>• ফাদাকবাসী কর্তৃক রাসূলের নিকট সন্ধিচুক্তি প্রেরণ, প্রস্তাব গ্রহণ, অভিযান ছাড়াই ফাদাক বিজয়<br>• ব্যবসাযাত্রী যায়েদ বিন হারিসার ওপর বনি ফাজারার আক্রমণ। তাদের দমনে রাসূল সা. এর বাহিনী প্রেরণ এবং সফলভাবে ফিরে আসা।<br>• লাগাতার ইহুদিদের পরাজয়ের খবরে ভীতসন্ত্রস্ত তায়মাবাসীর নিকট থেকে রাসূলের কাছে সন্ধিপেশ, প্রস্তাবগ্রহণ<br>• বর্বর যাযাবর বেদুঈন জনগোষ্ঠীকে ইসলামের ছায়ায় আনার উদ্দেশ্যে সফর মাসে গাযওয়ায়ে যাতুর রিকা' পরিচালিত<br>• মুসলিমদের বিরুদ্ধে বনু সালাবা ও বনু মুহারিবের সমবেত হওয়ার সংবাদ পেয়ে সাহাবায়ে কেরামদের নিয়ে প্রস্তুতিগ্রহণ<br>• মুসলিমদের আতঙ্কে যাযাবরদের আত্মসমর্পণ, এক পর্যায়ে ইসলামগ্রহণ<br>• ইসলাম প্রচারের উদ্দেশ্যে পৃথিবীর বিভিন্নপ্রান্তে বেশকিছু সারিয়া প্রেরণ<br>• সফর বা রবিউল আউয়াল মাসে সারিয়ায় কুদাইদ পরিচালিত<br>• জুমাদাল আখিরাহে হিরাক্লিয়াসের দরবার থেকে ফেরার পথে দেহিয়া কালবি রা. কে আক্রমণের প্রেক্ষিতে জুযাম গোত্রে অভিযান পরিচালনা |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • শাবান মাসে হাওয়াজিন গোত্রের বিরুদ্ধে উমার রা. এর নেতৃত্বে সারিয়্যায় তুরবা অনুষ্ঠিত<br>• শাবান মাসে নাজদের বনু কিলাব গোত্রের বিরুদ্ধে আবু বকর রা. এর নেতৃত্বে এই অভিযান পরিচালিত<br>• শাবান মাসে খাইবারের ফাদাক অঞ্চলের বনু মুররাহ গোত্রের বিরুদ্ধে বাশির বিন সাদ আনসারির নেতৃত্বে পরিচালিত<br>• রমজান মাসে বনু আওয়াল অথবা জুহাইনা গোত্রের বিরুদ্ধে অভিযান। যুদ্ধে জয়লাভ।<br>• শাওয়াল মাসে আসির বা বাশির বিন রেজামকে দমনের উদ্দেশ্যে খাইবারে প্রেরিত<br>• শাওয়াল মাসে বনু গাতফান অথবা ফাজারাহ গোত্রের ইয়েমেন ও জারার এলাকায় সেনা প্রেরণ<br>• উমরাতুল কাযা আদায়- সপ্তম হিজরির যুল'কাদ মাসে উমরাতুল কাযা আদায়ের নির্দেশ, দুইহাজার সঙ্গী নিয়ে ওমরার উদ্দেশ্যে যাত্রা। তিনদিন মক্কায় অবস্থান, পরিপূর্ণভাবে ওমরাহ পালন, ওমরা কালেই মাইমূনা ؓ এর সাথে বিবাহ<br>• আবু হুরাইরা ؓ এর মদিনায় আগমন<br>• মুত'আ বিয়েকে হারাম ঘোষণা<br>• বিবাহ ও তালাকের বিস্তারিত বিধান নাযিল<br>• জিলক্বদ মাসে মাইমুনা ؓ এর সাথে নবীজির বিয়ে<br>• জিলহজ্জ মাসে বনু সুলাইমের গোত্রে সারিয়্যায় আবুল আউজা অনুষ্ঠিত। |
| ৬৩১ | | ২১ | ৮ | ৬১ | যায়নাব বিনতে মুহাম্মাদ ﷺ এর ইন্তেকাল, সারিয়্যায় যাতে- | • এই বছরের শুরুর দিকে যায়নাব বিনতে মুহাম্মাদ ﷺ ইন্তিকাল করেন |

All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | আতলাহ, সারিয়্যায় যাতে-ইরক, **রক্তক্ষয়ী মু'তার যুদ্ধ, মক্কা বিজয়, হুনাইন যুদ্ধ, তায়েফ যুদ্ধ** ও বিভিন্ন গোত্রের মূর্তি ধ্বংসের জন্য সাহাবিদের প্রেরণ, ইব্রাহীমের জন্ম, | • রবিউল আউয়াল মাসে সারিয়ায়ে যাতে আতলাহ সংঘটিত। দাওয়াত দিতে যাওয়া সাহাবিদের ওপর অতর্কিত আক্রমনে একজন বাদে বাকি সব সাহাবি নিহত<br>• রবিউলের আউয়ালে বনু হাওয়াজিনের বারংবার শত্রুতার জবাবে শুজা বিন ওয়াহাব আল-আসাদির নেতৃত্বে বাহিনী প্রেরণ। যুদ্ধ হয়নি।<br>**মু'তার যুদ্ধ**<br>• রাসূলের জীবনের সবচেয়ে রক্তক্ষয়ী লড়াই<br>• বুসরা শাসকের নিকট প্রেরিত বার্তাপ্রেরক হারিস ইবনে উমাইরকে নির্মমভাবে হত্যা, তাদের বিরুদ্ধে রাসূলের তিনহাজার যোদ্ধার বাহিনী প্রস্তুত, রাসূলুল্লাহর নসীহত, মুসলিমবাহিনীর রওনা<br>• লাখখানেক রোমান সৈন্য নিয়ে হিরাক্লিয়াসের অবতরণ, মুতার প্রান্তরে রক্তক্ষয়ী লড়াই<br>• যায়েদ ইবনে হারিস, জাফর ﷺ মতো বীরবিক্রমদের সাহসিকতাপূর্ণ লড়াই ও শাহাদাত বরণ<br>• মুসলিমদের কাঙ্ক্ষিত ফলাফল অর্জিত না হলেও দানবীয় রোমান বাহিনীকে ফিরিয়ে দিয়ে মদিনা ফেরা<br>• বনু বকরের ও কুরাইশদের চুক্তিভঙ্গ ও বিশ্বাসঘাতকতা, বনু খুযায়ার পাল্টা আক্রমণ, রাসূলের নিকট সাহায্য প্রার্থনা, রাসূলের সম্মতি<br>• কুরাইশদের পক্ষ থেকে আবু সুফিয়ানে মদিনায় আগমন, রাসূল ও সাহাবায়ে কেরামদের বুঝাতে ব্যর্থ হওয়া, মুসলিমদের মক্কাযাত্রার প্রস্তুতি |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | | | | | **মক্কা বিজয়**<br>• দশহাজার সৈন্য নিয়ে অষ্টম হিজরির রমযানে মক্কার অভিমুখে রওনা, মাররুয যাহরানে মুসলিম বাহিনীর অবতরণ, দরবারে নবুওতে আবু সুফিয়ান<br>• কুরাইশদের মাথার ওপর মুসলিম বাহিনীর আবির্ভাব, যূ তুয়াতে মুসলিম বাহিনী, মসজিদ হারামে প্রবেশ, মূর্তিভাঙন, কাবায় সালাত আদায়, কুরাইশদের উদ্দেশ্যে ভাষণ<br>• কাবার শিখরে তাওহীদের আযান, দাগী অপরাধীদের মৃত্যুদণ্ড, উমাইরের ইসলামগ্রহণ, বিজয়ের দ্বিতীয়দিনে রাসূলের ভাষণ, মক্কাবাসীর বাইয়াত গ্রহণ<br>• বিভিন্ন অঞ্চলে উযযা, সুওয়া, মানাত ইত্যাদি মূর্তি ধ্বংসের জন্য প্রতিনিধি প্রেরণ<br>**হুনাইন যুদ্ধ**<br>• আরব কবীলাদের মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের সিদ্ধান্ত, দুশমনের গুপ্তচর, রাসূল ﷺ এর গোয়ান্দা, হুনাইনের পথে রাসূল ﷺ<br>• মুসলিমদের ওপর অতর্কিত হামলা, মুসলিমদের দিগ্বিদিকশূন্য হয়ে পলায়ন, সৈন্যদের প্রত্যাবর্তন, শত্রুবাহিনীর চূড়ান্ত পরাজয়<br>**তায়েফ যুদ্ধ**<br>• হুনাইনের প্রান্তরের পতনের পর শত্রুপক্ষের তায়েফে পলায়ন, এক হাজার সৈন্য নিয়ে রাসূলের তায়েফের পথে যাত্রা<br>• দুর্গ অবরোধ, শত্রুপক্ষের পাথর ও তীর বর্ষনে অনেক মুসলিমের শাহাদাত বরণ, মুসলিমবাহিনীর দুর্গ আক্রমণ, অবরোধ উঠিয়ে নিয়ে মুসলিম বাহিনীর ঘরে ফেরা<br>• জা'ফর ؓ 'তাইয়্যার' ও খালিদ ؓ 'সাইফুল্লাহ' উপাধি লাভ করেন<br>• অষ্টম হিজরির যিলহজ মাসে ইবরাহিম রা. এর জন্ম |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| ৬৩২ | | ২২ | ৯ | ৬২ | বিভিন্ন গোত্রের যাকাত আদায়ের জন্য সাহাবিদের প্রেরণ, স্ত্রীদের সাথে ঈলার ঘটনা, সারিয়্যায় উয়াইনা ইবনে হাসান ফাজারি, সারিয়্যায় কুতবাহ ইবনে আমের, সারিয়্যায় যাহহাক ইবনে সুফিয়ান বেলাবি, সারিয়্যায় আলকামা ইবনে মুজবের মাদলাযি, সারিয়্যায় আলী ইবনে আবু তালিব, **তাবুক যুদ্ধ,** জিজিয়ার বিধান, মসজিদে দ্বিরার ধ্বংস, লি'আনের ঘটনা, নাজ্জাশির ইন্তেকাল, উম্মে কুলসুম ﷺ এর ইন্তেকাল, আব্দুল্লাহ ইবনে উবাই এর মৃত্যু, আবু বকর ﷺ এর নেতৃত্বে হজ্বযাত্রা, মুশরিকদের সাথে সকল সম্পর্ক ছিন্ন করে আয়াত নাযিল, প্রতিনিধি দলের আগমন | • বিভিন্ন গোত্রে যাকাত আদায়ের জন্য সাহাবিদের প্রেরণ করা হয়<br>• রাসূলের স্ত্রীদের সাথে ঈলা করা অর্থাৎ, আলাদা ঘরে অবস্থান<br>• মহররম মাসে উয়াইনকে বনু তামিম গোত্রে প্রেরণ, গোত্রের লোকেদের পলায়ন<br>• পরে ইসলাম গ্রহণ ও বন্দিদের নিজ গোত্রের নিকট ফিরিয়ে দেয়া<br>• সফর মাসে সারিয়্যায় কুতবাহ ইবনে আমর সংঘটন। উভয় পক্ষের বেশ কজন আহত<br>• রবিউল আউয়াল মাসে যাহহাক ইবনে সুফিয়ান কেলাবি অনুষ্ঠিত। মুসলিমদের বিজয়।<br>• একই মাসে জেদ্দা উপকূলে হয় সারিয়্যায় আলকামা ইবনে মুজবের মাদলাযি। মুসলিমদের আগমনের সংবাদে হাবশীদের পলায়ন।<br>• রবিউল আউয়াল মাসে মূর্তি ভাঙার উদ্দেশ্যে আলী রা. এর হাতেম তাঈ-এর এলাকায় আক্রমণ<br>• হাতেম তাঈ এর কন্যাকে মুক্তকরণ, পুত্র আদী ইবনে হাতিমে ইসলাম গ্রহণ, নবীজির কিছু ভবিষ্যদ্বানী।<br>**তাবুক যুদ্ধ**<br>• রজব মাসে তাবুক যুদ্ধ সংঘটিত হয়-রোমানদের ভূখন্ডে গিয়ে যুদ্ধ করার জন্য মুসলিমদের প্রস্তুতি<br>• তাবুকের পথে-প্রান্তরে, মুসলিমদের সামরিক সুখ্যাতি শুনে ভয়ে কম্পমান রোমানদের যুদ্ধের ময়দানে না আসা, আইলা শাসক রুবা, মীনা শাসকের রাসূলের ﷺ এর সন্ধি, মদিনায় প্রত্যাবর্তন<br>• তাবুক যুদ্ধকালে জিজিয়ার বিধান নাযিল হয়<br>• তাবুক থেকে ফেরার পথে মসজিদে যিরার ধ্বংস করা হয়<br>• মদিনায় ফেরার পর উয়াইমির আজলানী ও তাঁর স্ত্রীর মাঝে লি'আন |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • হাবশার মুসলমান বাদশাহ নাজ্জাশি ﵁ ও শা'বান মাসে নবীকন্যা উম্মে কুলসূম ﵂ এর মৃত্যু<br>• তাবুক থেকে ফেরার পর আব্দুল্লাহ ইবনে উবাই মারা যায়<br>• আবু বকর ﵁ কে হজ্জের আমীর বানিয়ে প্রেরণ, হজ্জের বিধি-বিধান কায়েম<br>• আবু বকর ﵁ এর নেতৃত্বে হজ্ব পালন, তবে নবীজি এই হজ্ব কাফেলায় ছিলেন না।<br>• আরজ বা যজনান নামক স্থানে গিয়ে আবু বকরের সাথে সাক্ষাৎ, আবু বকরের লোকদের হজ্জপালন করানো, উলঙ্গ হয়ে কাবাঘরের তাওয়াফ সম্পর্কিত নিষেধাজ্ঞা প্রদান<br>• মুশরিকদের সাথে চুক্তি শেষ হওয়ার ঘোষণা নিয়ে কুর'আনের সূরা তাওবায় আয়াত নাযিল, রাসূলের পক্ষ থেকে মুশরিকদের তা জানানোর উদ্দেশ্যে আলী ﵁ কে প্রেরণ<br>• আব্দুল কায়েসের, দাওসের, ফারওয়া ইবনে আমর জুযামীর, সুদার, উযরার, বালীর, সাকীফের, হামদানে, বনু ফাযারার, নাজরানের, বনু হানীফার, বনু আমের হিন, তুজীবের, তাঈর প্রতিনিধি দল<br>• এই বছর বিভিন্ন এলাকা থেকে প্রতিনিধিদল এসে ইসলাম গ্রহণ করতে থাকে। এই বছরকে বলা হয় 'প্রতিনিধিদলের বছর'। |
| ৬৩২ | | ২৩ | ১০ | ৬২ | প্রতিনিধি দলের আগমন অব্যাহত, আবু মুসা আশ'আরি ও মুয়াজ ইবনে জাবাল ﵄ কে ইয়ামানে প্রেরণ, বিদায়ের পূর্বাভাস, হাজ্বাত আল-ওয়াদা (বিদায়ী হজ্ব) | • পূর্বের বছরের ন্যায় এই বছরেও প্রতিনিধি দলের আগমন বজায় থাকা<br>• আবু মুসা আশ'আরি ও মুয়াজ ইবনে জাবাল ﵄ কে ইয়ামানে গভর্ণর হিসাবে প্রেরণ<br>• মুয়ায বিন জাবাল ﵁ কে নবীজির বিদায়ের ইঙ্গিত<br>• দাওয়াতি কাজের শেষ হওয়ার পর রাসূল ﷺ এর পৃথিবী থেকে বিদায়ের প্রস্তুতি |

© All rights reserved to Itqaan Institute

| ঈসায়ী সন | হস্তীবর্ষ | নবুওয়াতের সন | হিজরি সন | বয়স | ঘটনা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | • রাসূলের মানুষের মাঝে ঐতিহাসিক হজ্জে মাবরূর আদায়ের ইচ্ছাপোষণ, যুলকা'দ মাসের পঁচিশ তারিখ রাসূলের ঐতিহাসিক যাত্রার জন্যে প্রস্তুতি<br>• ছাব্বিশে যুল'কাদ মক্কায় অবতরণ, হজ্জ সম্পাদন, যুলহজ্জ আট তারিখে মিনায় গমন<br>• এক লাখ চব্বিশ হাজার মানুষের এক বিশাল সমাবেশ, ঐতিহাসিক বক্তৃতা প্রদান<br>• ভাষণ শেষ হওয়ার পর-ই সূরা মায়িদাহর ৩নং আয়াত নাযিল |
| ৬৩৩ | | ২৪ | ১১ | ৬৩ | সর্বশেষ সামরিক অভিযান, উহুদের শহীদদের কবর ও বাকী কবরস্থান যিয়ারত, অন্তিম যাত্রার সূচনা, অন্তিম নসীহত,<br>রাসূল ﷺ এর চিরবিদায় | • উসামা বিন যায়েদের নের্তৃত্বে রোমান সম্রাটের বিরুদ্ধে সেনাবাহিনী প্রেরণ, নবীজির অসুস্থতার খবরে সেনাবাহিনীর যাত্রা স্থগিত<br>• সফর মাসে উহুদ প্রান্তরে শহীদদের কবর যিয়ায়রত<br>• এক মধ্যরাতে বাকী কবরস্থান যিয়ারত<br>• ২৯শে সফর বাকী কবরস্থানে একটি জানাযা থেকে ফিরেই জ্বরে আক্রান্ত হন, শুরু হয় তাঁর অন্তিম যাত্রার সূচনা<br>• একাদশ হিজরির রবিউল আউয়াল মাসের বারো তারিখ সোমবার তেষট্টি বছর চার দিন বয়সে রাসূলে কারীম ﷺ এর অন্তিম যাত্রা<br>• অবচেতন উমরের অস্থিরতা, আবু বকরের সহনশীলতা, নবীজির জানাযা আদায় ও দেহ মুবারকের দাফন সম্পন্ন |

© All rights reserved to Itqaan Institute

Itqaan Institute

Igniting Hearts...One at a time